



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

120808



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-৭৪/১২১১

তারিখ: ১৩ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ  
২৯ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে

- সূত্রঃ
- ১) নং- বামাশিবো/সংস্থাপন/৫২২/৯; তারিখ: ২০/০৮/২০১৪খ্রিঃ
  - ২) নং- বামাশিবো/সংস্থাপন/দিনাজপুর-৭৪/৭৯৬/৪; তারিখ: ২৫/১০/২০১৭খ্রিঃ
  - ৩) নং- বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-৭৪/৯০৫/৪; তারিখ: ০৯/০৪/২০১৮খ্রিঃ
  - ৪) নং- বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-৭৪/৯২২/৪; তারিখ: ২৩/০৫/২০১৮খ্রিঃ
  - ৫) নং- বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-৭৪/৯৪৪/৪; তারিখ: ১১/০৭/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার সদর উপজেলাধীন উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ আবুল বাসার এর চাকরি থেকে অপসারণ অনুমোদনের বিষয়টি বিগত ০৮/০৬/২০১৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় উপস্থাপন করা হয়। মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজপত্র বিস্তারিত পর্যালোচনা করে সুপার জনাব মোঃ আবুল বাসারকে চাকরি থেকে অপসারণ প্রক্রিয়া যথাযথ না হওয়ায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক অপসারণ অনুমোদনের আবেদন খারিজ করা হয়। পরবর্তীতে আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্তের বিষয়টি সূত্রে উল্লিখিত ১নং স্মারকে মাদ্রাসা কর্তৃপক্ষকে জানিয়ে দেয়া হয়।

মাদ্রাসার সুপার জনাব মোঃ আবুল বাসার এর পক্ষে এ্যাডভোকেট মোঃ গোলাম নূর নোটিশ ফর ডিমান্ডিং বোর্ডে দাখিল করেন। উক্ত নোটিশ ফর ডিমান্ডিং এ জনাব মোঃ আবুল বাসারকে তার স্বপদে পুনর্বহাল না করা এবং বেতন-ভাতা প্রদান না করার বিষয়টি উল্লেখ করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে কেন বোর্ডের আদেশ অনুযায়ী সুপার জনাব মোঃ আবুল বাসারকে স্বপদে পুনর্বহাল করে বেতন-ভাতা প্রদান করা হয়নি সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা দাখিল করার জন্য সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হয়।

পরবর্তীতে বোর্ডের আদেশ অমান্য করায় এবং স্ট্র জটিলতা নিরসনে বোর্ডকে সহযোগিতা না করায় সূত্রোক্ত ৩নং স্মারকে কারণ দর্শানো পূর্বক সূত্রোক্ত ৪নং স্মারকে ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া হয়। উক্ত কমিটি ভেঙ্গে দেয়া আদেশের বিরুদ্ধে সভাপতি জনাব মোঃ হযরত আলী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৭৯৭৩/২০১৮ দায়ের করে ছুগিতাদেশ লাভ করেন এবং পরবর্তীতে উক্ত মামলায় প্রদত্ত Rule Proceed না করায় ২৪/০২/২০২০খ্রিঃ তারিখের আদেশে "Discharged" করা হয়।

জনাব মোঃ আবুল বাসার চাকুরীতে পুনর্বহালের জন্য বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত বহাল থাকা সত্ত্বেও ম্যানেজিং কমিটি কর্তৃক বাস্তবায়িত না করায় গত ২০/১১/২০১৭খ্রিঃ তারিখে অত্র বোর্ডে আবেদন দাখিল করেন। পরবর্তীতে একই বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১১০৪/২০১৮ দায়ের করেন। রিট পিটিশন নং- ১১০৪/২০১৮ দায়ের এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট সুপার জনাব মোঃ আবুল বাসার এর ২০/১১/২০১৭খ্রিঃ তারিখের আবেদন নিষ্পত্তির জন্য আদেশ জারি করেন। সে আলোকে মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপারকে জনাব মোঃ আবুল বাসার এর নিকট সুপার পদের দায়িত্ব হস্তান্তর করে বোর্ডকে অবহিত করার জন্য সূত্রোক্ত ৫নং স্মারকে পত্র দেয়া হয়। ভারপ্রাপ্ত সুপার বোর্ডের নির্দেশনা মোতাবেক উক্ত বিষয়ে বোর্ডকে অবহিত করেননি।

বর্ণিত অবস্থায়-

ক) সুপার জনাব মোঃ আবুল বাসারকে স্বপদে পুনর্বহাল নির্দেশনা বাস্তবায়ন না করে বোর্ডের সিদ্ধান্ত অমান্যের কারণে বেতন-ভাতা ছুগিতার সুপারিশসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা কেন গ্রহণ করা হবে না আগামী ১০(দশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য সহ-সুপার জনাব মোঃ নাসির উদ্দিনকে অনুরোধ করা হলো; এবং

খ) অত্র পত্র প্রাপ্তির পর থেকে উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসার সুপার হিসেবে জনাব মোঃ আবুল বাসার দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো। এ বিষয়ে বোর্ড থেকে আর কোন নির্দেশনার আবশ্যিকতা নেই।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

- প্রাপকঃ
- ১) জনাব মোঃ আবুল বাসার, সুপার, উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসা, সদর, দিনাজপুর;
  - ২) জনাব মোঃ নাসির উদ্দিন, সহ-সুপার, উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসা, সদর, দিনাজপুর;

নং-বামাশিবো/প্রশাসন/দিনাজপুর-৭৪/১২১১

তারিখ: ১৩ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ  
২৯ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, দিনাজপুর;
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর;
৫. ম্যানেজার, সোনালী/রূপালী/জনতা/অন্ননী ব্যাংক লিঃ,..... শাখা, সদর, দিনাজপুর;
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd